আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)**

মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১৪.৭৮৬.১০/নিয়োগ-৫৪ ০৯ ডিসেম্বর ২০২৫

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-তে নিম্নেবর্ণিত পদসমূহে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করছে:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল/গ্রেড এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | **অধ্যাপক**<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৫৫ বছর (সর্বোচ্চ)<br><br>**বিষয়:**<br><br>ক। ফার্মেসি | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** উল্লিখিত বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করতে হবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ সর্বমোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>**(শর্তাবলীর ১৯ নং দ্রষ্টব্য)**<br><br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলোর মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে থাকতে হবে। |
| ২। | **সহযোগী অধ্যাপক**<br>বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৪৫ বছর (সর্বোচ্চ)<br><br>**বিষয়:**<br><br>ক। ফার্মেসি | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** উল্লিখিত বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করতে হবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে।<br><br>খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>**(শর্তাবলীর ১৯ নং দ্রষ্টব্য)**<br><br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৭ (সাত) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলোর মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে থাকতে হবে। |
| ৩। | **সহকারী অধ্যাপক**<br>বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৪০ বৎসর (সর্বোচ্চ)<br><br>**বিষয়:**<br><br>**ক**। ফার্মেসি | **(ক) শিক্ষাগত যোগ্যতা:** উল্লিখিত বিষয়ে ৪ বৎসরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফসিল 'ঙ' অনুযায়ী। এমফিল/সমমান অথবা পিএইচডি/সমমান ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br><br>**(খ) অভিজ্ঞতা:**<br>১. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ন্যূনতম ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত (থিসিসসহ) প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ন্যূনতম ২ (দুই) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ন্যূনতম ১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br><br>**(গ) প্রকাশনা:** স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল/গ্রেড এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ৪। | **প্রভাষক-ইংরেজি**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩২ বছর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** উল্লিখিত বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফসিল 'ঙ' অনুযায়ী। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৫। | Distinguished Professor<br>বিষয়: ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স।<br>বেতন : বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক নির্ধারণ করা হবে। | (ক) প্রার্থীকে সমাজবিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনাসহ আন্তঃবিষয়ক স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। দুর্যোগ, জলবায়ু উন্নয়ন ও পরিবেশ সম্পর্কিত আন্তঃবিষয়ক পিএইচডি ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে কমপক্ষে ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ কমপক্ষে ২৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) স্বনামধন্য জার্নাল/বই/বই-এর প্রবন্ধ হিসেবে কমপক্ষে ২৫টি প্রকাশনা থাকতে হবে। তবে, বিদেশের খ্যাতনামা প্রকাশনা থেকে প্রকাশিত জার্নাল/ বই/ বই-এর প্রবন্ধ থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়াও জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স-এ প্রবন্ধ উপস্থাপনকারী প্রার্থীগণ অগ্রাধিকারযোগ্য।<br>(ঘ) দুর্যোগ/ জলবায়ু পরিবর্তন বিষয়ক OBE কারিকুলাম প্রণয়ন/ উন্নয়নসহ সংশ্লিষ্ট বিষয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক পদধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৬। | **অফিস সহকারী কাম ডাটা প্রসেসর**<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স:৩২ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** যেকোন বিষয়ে স্নাতক/ডিগ্রি। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে।<br>(খ) **অভিজ্ঞতা:** টাইপিং এ প্রতিমিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে। |
| ৭। | **অফিস সহায়ক**<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

**শর্তাবলি:**

**১। প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করে আগামী ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (০৮০০ হতে ১৪৩০ ঘটিকা) 'রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬' এই ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি বিইউপিতে কোনো আবেদনপত্র জমা নেওয়া হবে না।**

২। শিক্ষক পদসমূহের জন্য ফরম নং-১ এবং কর্মচারী পদসমূহের জন্য ফরম নং-৩ প্রযোজ্য। বিইউপির ওয়েবসাইট www.bup.edu.bd/career লিংকে প্রবেশ করে ARCHIVE এর Form হতে ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে।

৩। 'রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)'-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে শিক্ষক পদের জন্য ২০০.০০ টাকা, অফিস সহকারী কাম ডাটা প্রসেসর পদের জন্য ১০০.০০ টাকা এবং অফিস সহায়ক পদের জন্য ৫০.০০ টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। **পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি প্রেরণ না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

৪। আবেদনপত্রের সাথে সদ্যতোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের ফর্মাল রঙিন ছবি (সাদা ব্যাগ্রাউন্ডযুক্ত) সত্যায়িতসহ সংযুক্ত করতে হবে।

৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রশংসাপত্রের অনুলিপি সত্যায়িতসহ সংযুক্ত করতে হবে।

৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

**৭। জাতীয় পরিচয়পত্র এবং জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।**

৮। বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক প্রদত্ত ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

**৯। খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।**

**১০। ০৪ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) দাখিল করতে হবে।**

১১। চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

১২। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনপত্রের উপর কোনো ধরণের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে/ মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

১৬। **কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসমূহের পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।** অধ্যয়ন ছুটির বিপরীতে বিজ্ঞাপিত পদে (চুক্তিভিত্তিক প্রভাষক-ইংরেজি) নিয়োগপ্রাপ্তদের পরবর্তীতে স্থায়ী পদে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

১৭। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অনুযায়ী বয়স এবং অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) শর্ত পূরণ করতে হবে।

১৮। **অভিজ্ঞতা গণনা বিষয়ক শর্তাবলী ও তফশিল 'ঙ' (পরীক্ষার ফলাফলের মান) বিইউপির ওয়েবসাইট www.bup.edu.bd/career লিংকে প্রবেশ করে ARCHIVE এর Form হতে ডাউনলোড করা যাবে। বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতা গণনা বিষয়ক শর্তাবলী শিথিলযোগ্য।**

১৯। কোনো পরীক্ষায় ফলাফল প্রত্যাশী (Appeared) থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২০। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

২১। ''সক্রিয় শিক্ষকতা'' অর্থ চাকুরিকালীন পাঠদান ও গবেষণা অথবা উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কে বুঝায়; যদি সংশ্লিষ্ট শিক্ষক অর্জিত ডিগ্রী সম্পন্ন করে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কাজে যোগদান করেন।

রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস